ই'তেকাফের বিধান ও কতিপয় শর্ত

[বাংলা – Bengali – بنغالي]

ইলমী গবেষণা এবং ফতোয়া বিষয়ক স্থায়ী কমিটি

অনুবাদ : জাকেরুল্লাহ আবুল খায়ের

সম্পাদনা : আলী হাসান তৈয়ব

2012 - 1433

IslamHouse.com

﴿ من أحكام الاعتكاف وشروطه ﴾

« باللغة البنغالية »

اللجنة الدائمة للبحوث العلمية والإفتاء

ترجمة: ذاكر الله أبو الخير

مراجعة: علي حسن طيب

2012 - 1433

IslamHouse.com

ই‘তেকাফের বিধান ও কতিপয় শর্ত

প্রশ্ন : ই‘তেকাফের শর্তসমূহ কী কী? রোজা কি ই‘তেকাফের অন্তর্ভুক্ত? ই‘তেকাফ অবস্থায় কোন অসুস্থ ব্যক্তির সাথে সাক্ষাত করা অথবা কারো আমন্ত্রণে সাড়া দেয়া কিংবা তার পরিবারের প্রয়োজন সম্পাদন করা বা কারো জানাযায় শরিক হওয়া অথবা অন্য কোন কাজে যাওয়ার বিধান কী?

উত্তর : যে মসজিদে জামাতের নামাজ আদায় করা যায় সে মসজিদে ই‘তেকাফ করা বৈধ। যদি ই‘তেকাফকারীর উপর জুমার নামাজ ওয়াজিব হয় আর ই‘তেকাফ করা অবস্থায় জুমা এসে যায় তাহলে তার জন্য উত্তম হলো যেখানে জুমা আদায় হয় সেখানে গিয়ে জুমার নামাজ আদায় করা। ই‘তেকাফের জন্য রোজা রাখা আবশ্যক নয়। ই‘তেকাফকারীর জন্য সুন্নত হচ্ছে কোন অসুস্থ-রোগির সাথে সাক্ষাত না করা, কারো আমন্ত্রণে সারা না দেওয়া, পরিবারের প্রয়োজন পূরণ করতে না যাওয়া, কারো জানাযায় শরিক না হওয়া ও মসজিদের বাহিরে কোন কাজে না যাওয়া।

আয়েশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন : ই‘তেকাফকারির সুন্নত হলো কোন রোগীর সাথে সাক্ষাত না করা, কারো জানাযায় শরিক না হওয়া, স্ত্রীকে স্পর্শ ও সহবাস না করা

এবং কোন প্রয়োজনে বের না হওয়া, তবে যা না করে উপায় নেই তা করা যাবে। (আবূ দাউদ : ৮৩৬/২)

সমাপ্ত